

## 📃 আল-আ'রাফ | Al-A'raf | ٱلْأَعْرَاف

আয়াতঃ ৭:১৫১

## আরবি মূল আয়াত:

## قَالَ رَبِّ اغْفِر لِى وَ لِآخِى وَ اَدخِلنَا فِى رَحمَتِكَ وَ اَنتَ اَرحَمُ الرُّحِمِينَ ﴿١٥١﴾

## 

সে বলল, 'আমার রব, ক্ষমা করুন আমাকে ও আমার ভাইকে এবং আপনার রহমতে আমাদের প্রবেশ করান। আর আপনিই রহমকারীদের মধ্যে শ্রেষ্ঠ। — আল-বায়ান

মূসা বলল, 'হে আমার প্রতিপালক! আমাকে আর আমার ভাইকে ক্ষমা কর, আর আমাদেরকে তোমার রহমতের মধ্যে দাখিল কর, তুমিই সর্বাধিক বড় দয়াবান।' — তাইসিক্রল

তখন মূসা বললঃ হে আমার রাব্য! আমাকে ও আমার ভাইকে ক্ষমা করুন! আর আমাদেরকে আপনার রাহমাতের মধ্যে দাখিল করুন! আপনি সব চেয়ে দয়াবান। — মুজিবুর রহমান

[Moses] said, "My Lord, forgive me and my brother and admit us into Your mercy, for You are the most merciful of the merciful." — Sahih International

১৫১. মূসা বললেন, হে আমার রব! আমাকে ও আমার ভাইকে ক্ষমা করুন এবং আমাদেরকে আপনার রহমতের মধ্যে প্রবিষ্ট করুন। আর আপনিই শ্রেষ্ঠ দয়ালু।

তাফসীরে জাকারিয়া

(১৫১) মূসা বলল, 'হে আমার প্রতিপালক! আমাকে ও আমার ভাইকে ক্ষমা করে দাও এবং আমাদেরকে তোমার করুণায় আশ্রয় দান কর। আর তুমিই সর্বশ্রেষ্ঠ দয়ালু।'

তাফসীরে আহসানল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=1105



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন